




বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
সিলেট।




ফোন নং-০৮২১-৭১১২৫৮
daosylhet@krishibank.org.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের জন্য সিলেট বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের নৈতিকতা কমিটির প্রথম সভা ২৭-০৯-২০২০খ্রি. তারিখ বিকেল ৫.০০ ঘটিকার সময় উপ-মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যসহ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। কমিটির সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নৈতিকতা কমিটির প্রথম সভা হিসেবে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা এর একটি সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন এবং সবাইকে এ বিষয়ক নির্দেশিকা ২০২০-২০২১ পড়ার পরামর্শ দেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সবাইকে স্ব স্ব দায়িত্ব, একাগ্রতা, নিষ্ঠার সাথে পালনের উপর গুরুত্ব আরোপ করা হয়। নিরীক্ষার কাজ সঠিক দায়িত্বের সাথে করার জন্য অভ্যন্তরীণ ও পরিপালন বিষয়ে সার্বিক ধারণা এবং সময়ে সময়ে নীতিমালা, ম্যানুয়েল দেখার গুরুত্ব আলোচিত হয়। সময়মত শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় বুঁকি ভিত্তিক বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা মোতাবেক নিরীক্ষা সম্পন্নের বিষয় আলোচিত হয়। সভার তারিখ পর্যন্ত সিলেট বিভাগে ১৭টি শাখা, ১টি মুখ্য আঞ্চলিক কার্যালয়, ১টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা ২০২০-২০২১ অর্থবছরে সম্পন্ন হয়। ব্যাংকের গ্রাহক, অবসরপ্রাপ্তদের দ্রুত সেবা হিসাবে দায়-দেনা প্রদান, নিরীক্ষা কালীন সময়ে আঞ্চলিক নিরীক্ষা দলসহ অত্র কার্যালয়ের নিরীক্ষা দলকে শাখা, কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকের নীতিমালা, কর্ম পরিকল্পনা বিষয়ে সার্বিক ধারণা প্রদান এবং অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের পরিষ্কার, পরিছন্নতা, সিটিজেন চার্টারে উল্লেখিত বিষয়ে তদারকি, শাখার নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে তদারকি ইত্যাদি বিস্তারিত বিষয় আলোচিত হয়। প্রতিবেদন প্রস্তুতকারীকে চলতি কোয়ার্টারের প্রতিবেদন যাচাই-বাছাই করে প্রেরণের পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

সভায় আর কিছু আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সত্য নারায়ন দাস)
উপ-মহাব্যবস্থাপক

নং বিনিকাসি/প্রশা-৩৬/২০২০-২০২১/ ৩২২(৯)

তারিখঃ ২৮-০৯-২০২০ইং

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট বিভাগ।


(তপতী পুরকায়স্থ)
সহকারী মহাব্যবস্থাপক